# তোমার শহর

▣ সৌমিক মৈত্র

তোমার শহরের বুকে হেঁটে যাব একদিন,
নির্ভয়ে, মাথা উঁচু করে।।
মুখ লুকিয়ে পালাবো না, কালো কাপড়ে ঢাকবো না অবয়ব।
কালোপিচের ওপর রোদের তাপে ঝলসে উঠে,
উলগুলানের গানের সুরে বেদুইন হবো,
হবো জিপসি, আরবি, ফার্সি বা কোনো নাবিক,
তারার দেখানো পথে দিকভ্রষ্ট তবুও অভিজ্ঞ।
পাশের ডাস্টবিনে পড়ে থাকা ময়লার খেলা করা সারমেয়র জিভের লালা অথবা,
জঞ্জাল স্তুপে কালো কাকের কর্কশতা,
আমায় লক্ষ্য থেকে টলাতে পারবে না একটুকুও।।
তোমার ঝুল বারান্দার সামনে দাঁড়িয়ে তারা গুনবো জানলার কাঁচে,
দেওয়াল বেয়ে ওঠা হলুদ মাধবীলতা আমার সংকেত পাঠাবে তোমার কাছে।।
তুমি খোলা চুলে এস, অগোছালো ভাবে,
তবে,
হালকা কাজলে আপত্তি নেই।।
আবার চিবুক বেয়ে ঘামের রেখায় ঝরে পড়বে হাজার ক্লেশ, ঘৃণা, অভিমান, বিদ্বেষ।
নিস্পলক ভাবে দহন দেখো তুমি,
একা রাস্তায় একটা মাংসস্তুপের।।
আমি তো উন্নত শীর,
বিবেক ঝুঁকে হাঁটুর কাছে,
ছাই হয়ে উড়ছে প্রেম মেঘহীন নীল আকাশে।।
একবার ভ্রু জুগলের জিজ্ঞাসা মিটিয়ে দেব,
একবার বুঝিয়ে দেব উপস্থিতি,
তারপর বাঁক ঘুরে সোজা পথে চলব অনেকটা,
ধীরে ধীরে মলীন হয়ে যাওয়া জামার বর্ণ কি, আমার কথা তোমায় ভাবাবে একবারও ?
বড্ড তাড়া আজ,
আমার ফিরে যাওয়ার আকস্বীকতায়,
হঠাৎ চেনা হরাইজন বেয়ে মিলিয়ে যাবে তোমার শহরের অচেনা লাল, হলুদ, সবুজ, গোলাপী, বেগুনী।